JAN. 1 7 1996

# অধ্যাপক আফতাব আহমদের ঢা.বি. শিক্ষক সমিতির সদস্যপদ বাতিল

কাগজ প্রতিবেদক : অধ্যাপক আফতাব আহমদ ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সদস্যপদ হারালেন। জাতীয় সঙ্গীত নিয়ে অবমাননাকর মন্তব্যের কারণে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কার্যনির্বাহী কমিটির বৈঠকে আফতাব আহমদের

## আফতাব আহমেদ

● প্রথম পাতার পর

সদস্যপদ বাতিলের সিদ্ধান্ত গৃহীত হয়। সমিতির সভাপতি অধ্যাপক আশরাফউদ্দিন চৌধুরীর সভাপতিত্বে গতকাল মঙ্গলবার বৈঠকটি অনুষ্ঠিত হয়।

সভায় বলা হয়, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. আফতাব উদ্দিন আহমেদ এক সেমিনারে জাতীয় সঙ্গীতের প্রতি যে বিদ্রুপাত্মক মন্তব্য ও অবমাননাকর উক্তি করেন তা আমাদের মহান মুক্তিসংগ্রামের গৌরবদীপ্ত আদর্শ তথা সমিতির গঠনতন্ত্রের আদর্শ, উদ্দেশ্য ও নীতির পরিপন্থী।